

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন
১৭শ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, ২০২৪
সময় : ১ ঘণ্টা পূর্ণমান : ১০০

পরীক্ষার্থীগণের জন্য নির্দেশাবলি

- ১। প্রশ্নপত্রে ক্রমানুসারে এক থেকে একশতটি প্রশ্ন না থাকলে কিংবা OMR এর উপর ১০ (দশ) অংকের Set Code এর সাথে প্রশ্নপত্রে উল্লিখিত Set Code না মিললে তৎক্ষণাত্ উত্তর প্রদান শুরু পূর্বেই প্রশ্নপত্রটি পরিবর্তন করে নিতে হবে।
- ২। বৃত্তগুলো এমনভাবে ভরাট করতে হবে যেন ভিতরের লেখাটি দেখা না যায়। যেমনঃ
সঠিক পদ্ধতি : ●
ভুল পদ্ধতি : ⊗ ⊕ ⊖ ⊗
- ৩। উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে কালো কালির বলপেন দ্বারা প্রবেশপত্র অনুযায়ী পরীক্ষার্থীর নাম ও রোল নম্বর লিখতে, স্বাক্ষর প্রদান ও নির্দিষ্ট বৃত্তসমূহ ভরাট করতে হবে। অন্যথায় উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৪। উত্তর প্রদান শুরু করার আগে পরীক্ষার্থীকে প্রশ্নপত্রের সাথে সংযুক্ত এই উত্তরপত্র (OMR Sheet) টি নিজ দায়িত্বে সাবধানতার সাথে আলাদা করে নিতে হবে। এক্ষেত্রে সচেতন থাকতে হবে যেন উত্তরপত্র (OMR) কোনোভাবেই ছিঁড়ে না যায় কিংবা ভাঁজ বা বিকৃত না হয়। অনুরূপ করা হলে উত্তরপত্র বাতিল হবে।
- ৫। প্রতিটি সঠিক উত্তরের জন্য ১ নম্বর প্রদান করা হবে এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে।
- ৬। উত্তরপত্রের নির্দিষ্ট বৃত্তসমূহ ভরাট করা ব্যতীত এবং নির্দেশিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে কোনো কিছু লেখা বা সংকেত ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ। উক্তরূপ নির্দেশ অমান্য করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৭। খসড়ার জন্য প্রশ্নপত্র ব্যবহার করা যাবে। কোনো পৃথক কাগজ ব্যবহার করা যাবে না। প্রশ্নপত্রের কোনো অংশ ছেঁড়া যাবে না কিংবা কারও সাথে বদল করা যাবে না।
- ৮। উত্তরপত্রে কক্ষ পরিদর্শকের স্বাক্ষর করার সময় পরীক্ষার্থীকে প্রশ্নপত্র ও উত্তরপত্র আলাদা করা অবস্থায় রাখতে হবে।
- ৯। উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে কক্ষ পরিদর্শকের স্বাক্ষর গ্রহণ করতে হবে। কর্তব্যরত কক্ষ পরিদর্শকের স্বাক্ষরবিহীন উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১০। পরীক্ষা শুরু হওয়ার পর থেকে শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্র/কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- ১১। পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, বই, ক্যালকুলেটর, ইলেকট্রনিক/হাত ঘড়ি, মোবাইল ফোন এবং তথ্য আদান-প্রদানে ব্যবহারযোগ্য অন্য কোনো ধরনের ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। এই দফার নির্দেশনা অমান্য করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণে বারিত করা হবে।
- ১২। সনাক্তকরণের জন্য কক্ষ পরিদর্শকগণ প্রয়োজনে পরীক্ষার্থীর সাংস্কৃতিক বা ধর্মীয় অনুভূতি সংরক্ষণপূর্বক পরীক্ষার্থীর মুখমণ্ডল প্রদর্শনের নির্দেশনা দিতে পারবেন।